JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আজ মধ্যরাতের সময়সীমা শেষ হওয়ার আগে কর দাখিলে বর্ধিত সহায়তার ঘোষণা দেন

আজ রাতে নিউ ইয়র্কবাসীদের নির্ভুল ও সঠিক সময়ে একটি কর রিটার্ন দাখিল করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের কর দপ্তর (Tax Department) কল সেন্টারের সময় ও অনলাইন রিসোর্সের পরিমাণ বৃদ্ধি করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্কের যেসব করদাতা তাদের ব্যক্তিগত আয়কর রিটার্ন এখনো জমা দেননি তাদের জন্য আজ মধ্যরাতে কর দাখিলের সময়সীমা শেষ হওয়ার আগে সহায়তা বৃদ্ধির ঘোষণা দেন। কর দপ্তরের প্রতিনিধিগণ কর দাখিল সংক্রান্ত শেষ মুহূর্তের প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য আজ সন্ধ্যা 7:00 টা পর্যন্ত উপস্থিত থাকবেন। প্রতিনিধিদের সাথে যোগাযোগ করা যাবে 518-457-5181 নম্বরে। এছাড়া, করদাতাদের ইলেকট্রনিকভাবে একটি নির্ভুল রিটার্ন প্রস্তুত ও দাখিলে সাহায্য করার জন্য দপ্তরের ওয়েবসাইটে সাধারণ প্রশ্নাবলির উত্তর সহ বিভিন্ন নির্দেশনা ও রিসোর্স থাকবে।

"আমরা বুঝি যে নিউ ইয়র্কবাসীগণ ব্যস্ত থাকেন যে কারণে করদাতাদের কর দাখিলের সময়সীমা প্রায় শেষ হয়ে যাওয়ায় তাদেরকে সাহায্য করার জন্য আমরা কর দাখিলে সহায়তা বৃদ্ধি করেছি", **গভর্নর কুওমো বলেন।** "যারা তাদের আয়কর রিটার্ন জমা দেননি তাদের কর যথাসময়ে নির্ভুলভাবে পরিশোধ করা হয়েছে তা নিশ্চিত করতে আমরা তাদেরকে এই বৃদ্ধিকৃত পরিষেবার সুবিধা গ্রহণ করার আহ্বান জানাই।"

বিনামূল্যে ই-ফাইল: 2018 সালে 66,000 মার্কিন ডলার বা তার কম সমন্বিত সর্বমোট পারিবারিক আয় বিশিষ্ট করদাতাগণ তাদের কম্পিউটার, স্মার্টফোন বা ট্যাবলেট থেকে www.tax.ny.gov (অনুসন্ধান করুন: Free File) এই ঠিকানায় বিনামূল্যে, ব্যবহারকারী-বান্ধব সফটওয়্যার অ্যাক্সেস করতে পারবেন। গত বছর, 155,000 এরও বেশি করদাতা কর দপ্তরের ওয়েবসাইটের বিনামূল্যে দাখিলকরণ সুবিধা গ্রহণ করেছেন। কর প্রস্তুতির সফটওয়্যার (tax preparation software) ত্রুটিপূর্ণ দাখিলকরণ রোধে সাহায্য করে যা প্রক্রিয়াকরণ ও রিফান্ডে বিলম্বের সৃষ্টি করতে পারে এবং সম্ভাব্যরূপে মূল্যবান ক্রেডিটের দাবি করা হয়েছে কিনা নিশ্চিত করতে সাহায্য করে।

আপনার রিফান্ড অনলাইনে দেখুন: আপনি যদি একটি আয়কর রিফান্ডের জন্য আপনার দাবি সম্পর্কে জানতে আগ্রহী হন, তাহলে নিউ ইয়র্ক স্টেটের কর দপ্তরের ওয়েবসাইট: www.tax.ny.gov

(অনুসন্ধান করুন: Refund)-তে *আপনার রিফান্ড স্থিতি পরীক্ষা করুন! (Check your refund status!)* অ্যাপ ব্যবহার করুন। আপনার রিফান্ড কখন প্রত্যাশা করবেন তা জানতে এটি সবচেয়ে দ্রুত ও সবচেয়ে সুবিধাজনক উপায়। আপনাকে আপনি যে পরিমাণ রিফান্ড দাবি করছেন তা, আপনার সোশ্যাল সিকিউরিটি নাম্বার (Social Security number) এবং আপনি যে ফরমটি দাখিল করেছেন সেটি দিতে হবে।

স্বয়ংক্রিয়ভাবে দাখিলকরণের সময় বাড়ানোর অনুরোধ করুন: তারা যদি আজ রাতের শেষ সময়ের মধ্যে একটি পূর্ণ আয়কর রিটার্ন জমা দিতে না পারে তাহলে আপনি দাখিলকরণের সময় স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি করতে পারবেন। সময় বৃদ্ধি আপনার রিটার্ন জমাদানের জন্য আরও সময় প্রদান করবে, তবে কোনো বকেয়া কর পরিশোধের জন্য সময় দেবে না। দাখিলকরণের সময় বৃদ্ধির অনুরোধ করার ক্ষেত্রে আপনাকে অবশ্যই যথাযথভাবে প্রাক্কলিত বকেয়া করের পুরো অর্থ পরিশোধ করতে হবে। বাড়ানো সময়ে দাখিলকৃত ব্যক্তিগত আয়কর রিটার্নের সময় শেষ হবে মঙ্গলবার, 15 অক্টোবর 2019 তারিখে বা এর পূর্বে।

কর দপ্তরের সাথে সরাসরি যোগাযোগ করুন: আপনার রিটার্নে এন্ট্রিগুলির সমর্থনে নথিপত্র চেয়ে কোনো চিঠি পেলে, এর অর্থ এই নয় যে আপনি কিছু ভুল করেছেন। রিটার্ন এবং দাবি করা রিফান্ডগুলি নির্ভুল সেটি নিশ্চিত করতে এটি কর দপ্তরের নেওয়া বিভিন্ন পদক্ষেপগুলির মধ্যে একটি। এটির লক্ষ্য হল বিশ্বাসের অযোগ্য রিটার্ন এবং রিফান্ডের দাবিগুলি বন্ধ করা, বকেয়া রিফান্ডগুলি বিলম্বিত করা নয়।

আপনার অনলাইন পরিষেবার অ্যাকাউন্ট অ্যাক্সেস করুন: নিউ ইয়র্ক স্টেটের কর দপ্তরের ওয়েবসাইট: www.tax.ny.gov এর এই পাতা (অনুসন্ধান করুন: account) আপনার কর অ্যাকাউন্ট সম্পর্কে বিস্তারিত দেখার জন্য একটি মূল অবস্থান প্রদান করে। আপনি পূর্বে পরিশোধকৃত অর্থ দেখতে পারবেন যা আপনার কর রিটার্ন দাখিল করার সময় নির্ভুলভাবে তুলে ধরতে পারবেন, আরও দেখতে পারবেন সারা বছরে পরিশোধকৃত প্রাক্কলিত কর বা দাখিল করার জন্য আপনার বর্ধিত সময়ে পরিশোধকৃত যেকোনো অর্থ।

আপনার বকেয়া পরিশোধ করুন: আপনার যদি বকেয়া কর থাকে, আপনি তা সরাসরি আপনার ব্যাংক অ্যাকাউন্ট থেকে অথবা আপনার অনলাইন পরিষেবার অ্যাকাউন্টের মাধ্যমে ডেবিট বা ক্রেডিট কার্ড দিয়ে পরিশোধ করতে পারবেন। আপনার বকেয়া কর যদি আপনি একবারে পরিশোধ করতে না পারেন, তাহলে জরিমানা এড়াতে 15 এপ্রিলের সময়সীমা শেষ হওয়ার আগে আপনার পূরণকৃত কর রিটার্ন জমা দিন, সুদ হ্রাস করতে আপনি যতটুকু পারেন এখন পরিশোধ করুন এবং একটি কিস্তিতে পরিশোধের চুক্তির (Installment Payment Agreement, IPA) আবেদন করুন। একটি IPA হলো অনিষ্পন্ন বকেয়া কর পরিশোধের জন্য কর দপ্তরের সবচেয়ে সুবিধাজনক ও জনপ্রিয় সুবিধা।

দ্রুত পরিশোধের (Quick Pay) সুবিধা নিন: সম্পূর্ণ পরিশোধ করতে পারবেন এমন ব্যক্তিগণ তাদের বিল বা বকেয়া কর সরাসরি তাদের ব্যাংক অ্যাকাউন্ট থেকে পরিশোধ করতে পারবেন। নিউ ইয়র্ক স্টেটের কর দপ্তরের ওয়েবসাইট: www.tax.ny.gov এর অনলাইন অ্যাপটি (অনুসন্ধান

করুন: Quick Pay) বাসার কম্পিউটার, স্মার্টফোন বা অন্যান্য মোবাইল ডিভাইস থেকে অ্যাক্সেস করা যাবে।

করদাতার উত্তর প্রদান কেন্দ্র (Taxpayer Answer Center) ভিজিট করুন: আপনি আমাদের সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলির (Frequently Asked Questions, FAQs) ডাটাবেস অনুসন্ধানের মাধ্যমে কর সংক্রান্ত সাধারণ প্রশ্নগুলির উত্তর পেতে পারেন। www.tax.ny.gov এর একেবারে নিচে "Answer Center"-তে ক্লিক করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন